

Song: De Dol Dol Dol

দে দোল দোল দোল

Artist: Hemanta Mukherjee/Lata Mangeshkar/Chorus

Music Director: Hridaynath Mangeshkar

Lyricist: Salil Chowdhury

De Dol Dol Dol Lyrics in Bengali :

হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা
হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা
হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা
হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা

দে দোল দোল দোল, তোল পাল তোল
চল ভাসি সবকিছু তাইগ্যা,
দে দোল দোল দোল, তোল পাল তোল
চল ভাসি সবকিছু তাইগ্যা,
মোর পানিতে ঘর, বন্দরে আসি তোর লাইগ্যা.....
দে দোল দোল দোল, তোল পাল তোল
চল ভাসি সবকিছু তাইগ্যা।

হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা
হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা
হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা
হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা

হায় কুমারী অবলা শুধু মুই নারী
আমি কি কব গো দংশায় সর্পের সারি
হায় কুমারী অবলা শুধু মুই নারী
আমি কি কব গো দংশায় সর্পের সারি
তুমি দূরেতে যাও, অজানা চেউয়েতে ভাসো

আমি ঘরেতে রই, জোয়ারে যদি গো আসো
আনো রঙ্গিন চুড়ি বেলোয়ারি
কামরাঙ্গানো রঙ্গের শাড়ী
আনো রঙ্গিন চুড়ি বেলোয়ারি
কামরাঙ্গানো রঙ্গের শাড়ী
হব তোমার আমি ঘরনী.....
নদী হব আমি
আমাতে যাইওগো ভাইস্যা

নদী হব আমি
আমাতে যাইওগো ভাইস্যা.....
দে দোল দোল দোল, তোল পাল তোল
চল ভাসি সবকিছু তাইগ্যা

হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা
হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা

তুমি জলে থাকো জলে থাকো
দীপ যেন জলেতে তুমি.....
কেন জাননা কি
স্বপ্নের সুন্দর তুমি যে আমারো তুমি
কেন পিছু ডাকো পিছু ডাকো
বারে বারে আমারে তুমি,
কাঁদো কন্যা তুমি
চক্ষের জলে কি ভাসাবে সাধের জমি....
হায় যাবনা যাবনা ফিরে আর ঘরে
পোড়া মন মানেনা, সংসার কারই বা তরে
দেহ কাটিয়া মুই বানাবো নৌকা তোমারই
দুটি কাটিয়া হাত বানাবো নৌকার দাঁড়ি
আর বসন কাটিয়া দেবো,
পাল তুফানে আমি উড়াবো
হবো ময়ূরপঙ্খি তোমারই.....
তরে বুকো নিয়া সুদূরে যাবো গো ভাইস্যা
তরে বুকো নিয়া সুদূরে যাবো গো ভাইস্যা.....আ
দে দোল দোল দোল, তোল পাল তোল
চল ভাসি সবকিছু তাইগ্যা

হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা
হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা
হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা
হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা

আর কাইন্দনা কাইন্দনা তুমি সজনী
হবে আরও আঁন্ধার আমার এ জীবন রজনী
আর কাইন্দনা কাইন্দনা তুমি সজনী
হবে আরও আঁন্ধার আমার এ জীবন রজনী
তুমি হাসো যদি, আকাশে চাঁদিনী হাসে
পথ চেয়ে থাকো, তাই ভরসা বুকোতে আসে
খর ধারায় এ জীবন নদী
পাল ছেড়ে ভাঙ্গি হাল যদি

খর ধারায় এ জীবন নদী
পাল ছেড়ে ভাঙ্গি হাল যদি
শুধু প্রেমেরই পাল তুলিয়া
পাড়ে চলে যাবো
দুজনে কুজনে হাইস্যা
পাড়ে চলে যাবো
দুজনে কুজনে হাইস্যা.....আ
দে দোল দোল দোল, তোল পাল তোল
চল ভাসি সবকিছু তাইগ্যা
দে দোল দোল দোল, তোল পাল তোল
চল ভাসি সবকিছু তাইগ্যা

হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা
হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা
হেঁইয়ো রে মারো জোর হে আল্লা হে রামা

LYRICSBENGALI.IN